## শিবচর উপজেলা পরিষদের ২০২১ সনের ৭তম (জুলাই) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৯-০৮-২০২১ তারিখের ১১.০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১।** ২৮-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ উপজেলা নির্বাহী অফিসার, শিবচর মাদারীপুর গত ২৮-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ থেকে কোন তথ্য পাওয়া যায়নি।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ বিভাগ থেকে কোন তথ্য পাওয়া যায়নি।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, উপজেলা কৃষি পূর্নবাসন কমিটি কর্তৃক প্রাপ্ত তালিকা অনুযায়ী কৃষকদের কৃষি উপকরন বিতরন করা হবে। সকল প্রকার কৃষি উপকরন কৃষক নিজে গ্রহণ করবেন। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঘ) এল,জি,ই,ডি বিভাগঃ উপজেলা প্রকৌশলী, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলাধীন নতুন গ্রামীণ সড়ক এর মন্ত্রণালয় কর্তৃক গেজেট ভূক্ত করণ প্রক্রিয়ায় প্রায় ৩৭২টিরও বেশি (তিনশত বাহাত্তর) সড়ক হাল নাগাদ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করা একান্ত প্রয়োজন। অত্র শিবচর উপজেলাধীন সকল ইউপি চেয়ারম্যান/সেক্রেটারীদের সহিত যোগাযোগ করতঃ গ্রামীণ সড়কের রোড আইডি ছাড়া যে সকল সড়ক সমূহের উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হয়েছে বা হয় নাই এ ধরণের সকল সড়ক সমূহের তালিকা প্রেরণের জন্য তাগিদ পত্র জারি করা হয়। তৎপ্রেক্ষিতে, সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ নতুন গ্রামীণ সড়ক এর নামের তালিকা প্রেরণ করেছেন। উল্লেখ্য যে, রোড আইডি নং-৩৫৪৮৭৫৩৩৭ পর্যন্ত মন্ত্রণালয় কর্তৃক গেজেট ভূক্ত হয়ে রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করা আছে। সে মোতাবেক সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রেরণকৃত নতুন গ্রামীণ সড়ক এর নামের তালিকা অনুযায়ী নতুন করে হাল নাগাদ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তিকরণের নিমিত্তে (রোড আইডি-৩৫৪৮৭৫৩৩৮ হতে রোড আইডি-৩৫৪৮৭৫৭০৯) ৩৭২ (তিনশত বাহাত্তর) টি গ্রামীণ সড়কের নামের তালিকা প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রস্তুতকৃত তালিকার রোড আইডি-৩৫৪৮৭৫৩৩৮ হতে রোড আইডি-৩৫৪৮৭৫৭০৯ নং ক্রমিকের সড়ক সমূহের মধ্যে অধিকাংশ সড়ক সরকারী উন্নয়ন প্রকল্প হতে এইচ,বি,বি এবং কার্পেটিং দ্বারা উন্নয়ন করা হয়েছে। কিন্ত সড়ক গুলো মন্ত্রণালয় কর্তৃক গেজেট ভূক্ত না হওয়ায় এলজিইডি'র জড়ধফ ধহফ ঝঃৎঁপঃঁৎব উধঃধনধংব গধহধমবসবহঃ ঝুংঃবস-এ অন্তর্ভূক্ত করা সম্ভব হচ্ছে না। সুতরাং, গ্রামীণ সড়কের প্রস্তুতকৃত তালিকার রোড আইডি-৩৫৪৮৭৫৩৩৮ হতে রোড আইডি-৩৫৪৮৭৫৭০৯ নং ক্রমিকের ৩৭২ (তিনশত বাহাত্তর) টি সড়ক হাল নাগাদ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করা একান্ত প্রয়োজন।

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | ঃ | সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রেরণকৃত নতুন গ্রামীণ সড়ক এর নামের তালিকা অনুযায়ী নতুন করে হাল নাগাদ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তিকরণের নিমিত্তে (রোড আইডি-৩৫৪৮৭৫৩৩৮ হতে রোড আইডি-৩৫৪৮৭৫৭০৯) ৩৭২ (তিনশত বাহাত্তর) টি গ্রামীণ সড়কের নামের তালিকা প্রস্তুত করায় উহা মন্ত্রণালয় কর্তৃক গেজেট ভূক্ত হওয়ায় প্রক্রিয়ায় হাল নাগাদ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তিকরণের নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মাদারীপুর এর দপ্তরে প্রেরণসহ পরবর্তী সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর কে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়নের | ঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর। |

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, সমাজসেবা অফিস থেকে প্রতিবন্ধীদের সুবর্ণ কার্ড দেওয়া হয়। বর্তমানে সকল ভাতা বিকাশের মাধ্যমে প্ররিশোধ করা হয়। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ঝড়-বৃষ্টির কারণে মাঝে মাঝে বিদ্যুৎ বন্ধ থাকে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, ঋণ খেলাফিদের বিরুদ্ধে মামলা করতে হবে এবং অর্থ বছর অনুযায়ী মামলা সংখ্যা ও ঋণ খেলাফির সংখ্যা পরবর্তী মাসিক সভায় উপস্থপন করা হবে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার বিভাগ থেকে কোন তথ্য পাওয়া যায়নি।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তার বিভাগ থেকে কোন তথ্য পাওয়া যায়নি

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান যে, পাঁচ্চর ''রুরাল ওয়াটার সাপ্লাই'' এর সিদ্ধান্ত ২০১৯-২০২০ অর্থ বছরে ৩৭৭টি এবং ২০২০-২০২১ অর্থ বছরে ৪২৬টি সহ সর্বমোট ৮০৩টি গভীর নলকূপ পাওয়া গেছে। পাঁচ্চর, কুতুবপুর , চরজানাজাতের বরাদ্দকৃত গভীর নলকূপ অন্য ইউনিয়নে দিয়ে সেখানে অগভীর নলকূপ স্থাপন করা হবে। উপকারভোগীর তালিকা প্রেরনের সময় উপকারভোগীর মোবাইল নম্বর অন্তর্ভূক্ত করতে হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ন্যাশনাল সার্ভিসের কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(দ) **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে ভিজিডি চক্রের উপকারভোগীদের সঞ্চয়কৃত টাকা যথাযথভাবে ফেরত প্রদান করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ভিজিডি চক্রের ICVGD এর তালিকা অনলাইন ব্যাংকিং এর ভিত্তিতে সম্পন্ন হবে। তিনি সকল ইউনিয়নের ভিজিডি কমিটির সভাপতিগণকে ICVGD এর তালিকা যাচাই পূর্বক তালিকার সফটকপি ও হার্ডকপি উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য অনুরোধ জানানো হয় এবং বিভাগের অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা সমন্বয়কারী সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, মাদারীপুর জেলাধীন শিবচর উপজেলার শিরুয়াইল বাজার হতে বাগমারা স্কুল পর্যন্ত ৮.৫ কিলোমিটার, নিলখী ইউনিয়নে নিলখী বন্দরেরর দক্ষিণ দিকে নদী পাড় হয়ে রশিদ চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত ৩.৫ কি.মি এবং কাদিরপুর ইউনিয়নে দ্বিতীয়খন্ড কাদিরপুর ব্রীজ হয়ে কুতুবপুর বাজার পর্যন্ত ৫.০ কিলোমিটার বন বিভাগের দন্ডায়মান ঝুঁকিপূর্ণ/মেয়াদ উত্তীর্ন/উপরে পড়া/উন্নয়নমূলক কাজের স্বার্থে জরুরী ভিত্তিতে বৃক্ষাদি নিলামে বিক্রির জন্য বিস্তারিত আলোচনা করা হয়। তার বিভাগের অন্যন্যা কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** উক্ত রাস্তায় দন্ডায়মান বৃক্ষাদি বিধিমতে নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা বন বিভাগ ও আঞ্চলিক সামাজিক বন বিভাগ, ফরিদপুর।

**উন্মুক্ত আলোচনা-১ঃ** ইউপি চেয়ারম্যান শিরুয়াইল সভায় জানান যে, শিরুয়াইল ইউনিয়ন পরিষদ বসার জন্য অনুপোযোগী। এখানে অনেক মেরামত দরকার। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং শিরুয়াইল চেয়ারম্যানের ইউনিয়ন পরিষদ ভবন বসার উপযোগী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**উন্মুক্ত আলোচনা-২ঃ** ইউপি চেয়ারম্যান কাদিরপুর সভায় জানান যে, কাদিরপুর ইউনিয়নে ১০ টাকার চালের তালিকা হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং ১০ টাকার চালের তালিকা হালনাগাত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**উন্মুক্ত আলোচনা-৩ঃ** ইউপি চেয়ারম্যান ভদ্রাসন সভায় জানান যে, ভদ্রাসন ইউনিয়নের ভিজিডির তালিকা হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং ভিজিডির তালিকা হালনাগাত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**উন্মুক্ত আলোচনা-৪ঃ** ইউপি চেয়ারম্যান ভদ্রাসন সভায় জানান যে, ভদ্রাসন ইউনিয়নের ভিজিডির তালিকা হালনাগাদ করার বিষয়ে আলোচনা করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং ভিজিডির তালিকা হালনাগাত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**উন্মুক্ত আলোচনা-৫ঃ** ইউপি চেয়ারম্যান পাঁচ্চর সভায় জানান যে, পাঁচ্চর ইউনিয়নের বাহাদুরপুর রাস্তা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বাহাদুরপুর রাস্তা মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**উন্মুক্ত আলোচনা-৬ঃ** ইউপি চেয়ারম্যান দ্বিতীয়খন্ড সভায় জানান যে, দ্বিতীয়খন্ড ইউনিয়নে ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-১ঃ পাঁচ্চর ইউনিয়নে ''রুরাল ওয়াটার সাপ্লাই'' এর সিদ্ধান্ত সংক্রান্ত আলোচনাঃ** সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, পাঁচ্চর ইউনিয়নে ''রুরাল ওয়াটার সাপ্লাই'' এর কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা স্বাস্থ্য Community Based Water Supply এর ক্ষেত্রে দত্তপাড়া-১টি ও উপজেলা পরিষদে-১ টি করে স্থাপনের সিদ্ধান্ত গ্রহীত হয়। এছাড়া সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১) ট্যাগ অফিসারবৃন্দ Deep Tubewell এর বর্তমান অবস্থার বিষয়ে প্রতিবেদন দিবেন। ২০২১-২২ অর্থ বছরেরর জন্য প্রতিটি ইউনিয়নে ২৬টি করে Tubewell বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সকল ইউপি চেয়ারম্যানদেরকে যথাসময়ে Tubewell এর তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়।

**বিবিধ আলোচনা-২ঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে গাছ নিলামে বিক্রয় সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা প্রকৌশলী শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বাসভবনের ভিতরে, নির্মাণাধীন উপজেলা ভূমি অফিসের সামনে, উপজেলা পরিষদ জামে মসজিদের উত্তর পার্শ্বে, উপজেলা পরিষদ পুকুর পাড়ের দক্ষিণ পার্শ্বে এবং উপজেলা শিক্ষা অফিসের সামনে ছোট বড় মেহেগুনি-৩২টি, চাম্বল-০২টি, ইপিল-০১টি এবং রেন্ডি-০৭টিসহ সর্বমোট=৪২টি গাছ কাটা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা বন কর্মকর্তাকে উক্ত গাছের মূল্য নির্ধারনের জন্য প্রাক্কল প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ** বিধি মোতাবেক গাছের মূল্য নির্ধারণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা বন বিভাগ ও আঞ্চলিক সামাজিক বন বিভাগ, ফরিদপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ বন্দরখোলা ইউনিয়নের সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত আলোচনাঃ** সভায় বন্দরখোলা ইউনিয়ন সীমানা নির্ধারন কর্মকর্তা ও সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা জানান যে, বন্দরখোলা ইউনিয়ন পরিষদের প্রতিবেদন প্রস্তুতপূর্বক ইউনিয়ন পরিষদের সকল সদস্যের লিখিত মতামত, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় জনসাধারণের গণস্বাক্ষর সম্বলিত মতামত এবং বর্ণিত মতামতের উপর কোন আপত্তি না থাকায় বন্দরখোলা ইউনিয়নের সীমানা পুনঃনির্ধারণের বিষয়ে সার্বিক পর্যালোচনা পূর্বক ইউনিয়নের ১ ও ৩ নং ওয়ার্ড পুনঃনির্ধারনের প্রয়োজন নেই অর্থাৎ পূর্বের অবস্থায় রাখা এবং ০২নং ওয়ার্ড আনুমানিক ৬০% নদীগের্ভে বিলীন হওয়ায় ৬ নং ওয়ার্ডের যে অংশ আমজাদ খান সেতু হতে কাজীর সুরা বাজার সড়কের পূর্বাংশে অবস্থিত সেই অংশকে ০২ নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করে সীমানা পুনঃনির্ধারণ করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** ১ ও ৩ নং ওয়ার্ড পুনঃনির্ধারনের প্রয়োজন নেই অর্থাৎ পূর্বের অবস্থায় রাখা এবং ০২ ওয়ার্ড আনুমানিক ৬০% নদীগের্ভে বিলীন হওয়ায় ৬ নং ওয়ার্ডের যে অংশ আমজাদ খান সেতু হতে কাজীর সুরা বাজার সড়কের পূর্বাংশে অবস্থিত সেই অংশকে ০২ নং ওয়ার্ডে অন্তর্ভুক্ত করে সীমানা পুনঃনির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০৪ঃ কাঁঠালবাড়ি ইউনিয়নের সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত আলোচনাঃ** সভায় কাঁঠালবাড়ি ইউনিয়ন সীমানা নির্ধারন কর্মকর্তা ও সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা জানান যে, কাঁঠালবাড়ি ইউনিয়ন পরিষদের প্রতিবেদন প্রস্তুতপূর্বক ইউনিয়ন পরিষদের সকল সদস্যের লিখিত মতামত, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় জনসাধারণের গণস্বাক্ষর সম্বলিত মতামত এবং বর্ণিত মতামতের উপর কোন আপত্তি না থাকায় কাঁঠালবাড়ি ইউনিয়নের সীমানা পুনঃনির্ধারণের বিষয়ে সার্বিক পর্যালোচনা পূর্বক ইউনিয়নের ১, ২, ৩, ৭ ও ৮নং ওয়ার্ড পুনঃনির্ধারনের প্রয়োজন নেই অর্থাৎ কাঁঠালবাড়ি ইউনিয়নের মোট সীমানা অপরিবর্তিত থাকায় পূর্বের অবস্থায় রাখা যেতে পারে।

**সিদ্ধান্তঃ** কাঁঠালবাড়ি ইউনিয়নের ১, ২, ৩, ৭ ও ৮নং ওয়ার্ড পুনঃনির্ধারনের প্রয়োজন নেই অর্থাৎ কাঁঠালবাড়ি ইউনিয়নের মোট সীমানা অপরিবর্তিত থাকায় পূর্বের অবস্থায় রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০৫ঃ চরজানাজাত ইউনিয়নের সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত আলোচনাঃ** সভায় চরজানাজাত ইউনিয়ন সীমানা নির্ধারন কর্মকর্তা ও সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা জানান যে, চরজানাজাত ইউনিয়ন পরিষদের প্রতিবেদনে দেখা যায় যে, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় জনসাধারণের মতামত এবং সীমানা নির্ধারন কর্মকর্তা ও সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তাগনের মতামত চরজানাজাত ইউনিয়নের ১নং ওয়ার্ড হতে ৮ নং ওয়ার্ড সম্পূর্ণ নদী গর্ভে বিলীন হয়েছে এবং ৯নং ওয়ার্ডের সীমানা অপরিবর্তিত রয়েছে। বর্তমানে চরজানাজাত ইউনিয়নের অধিকাংশ জায়গা বন্যার পানিতে প্লাবিত থাকার কারণে সীমানা নির্ধারণ করা সম্ভব হয়নি।

**সিদ্ধান্তঃ** চরজানাজাত ইউনিয়নের ১নং হতে ৮ নং ওয়ার্ড নদী গর্ভে বিলীন হওয়ায় এবং বিদ্যমান জমি বন্যার পানিতে প্লাবিত থাকায় সীমানা পুনঃনির্ধারণ করা সম্ভব হয়নি বিধায় কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০৬ঃ উপজেলা পরিষদের গীজগাড়ির জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সংক্রান্ত আলোচনাঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা বাংলাদেশ সচিবালয়া, ঢাকার ২৯-০৮-২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬. ৪৯৮.২০-৫৩১নং স্বারকে উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ির জ্বালানি ব্যবহার সংক্রান্ত জারির্কৃত পরিপত্রে ১৬ বা তার বেশি ইউনিয়নের জন্য প্রতি মাসে ২৫০ লিঃ/৩৫৮ ঘঃ মিঃ জ্বালানি/গ্যাস প্রদানের নির্দেশনা রয়েছে।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের জীগগাড়ির জ্বালানি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা চেয়ারম্যানের গাড়ির জ্বালানি ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০৭ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে খাদ্যে ভেজালের হার কমাতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৮ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।
২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭.৪.২১।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.১৮-৫৫২ তারিখঃ ০৯-০৮-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান .........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব ............................................... শিবচর, মাদারীপুর।

১২। অফিস

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।